০৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব আবু নাছের ভূঁঞা, জেলা প্রশাসক, নাটোর
স্থান : জেলা প্রশাসক, নাটোর এর সম্মেলন কক্ষ
তারিখ : ৩০ আগস্ট ২০২৩
সময় : বেলা ১১.৩০ ঘটিকা।
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় সভাপতি ও জেলা প্রশাসক, নাটোর উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো সভাপতির অনুমতিক্রমে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের আধা সরকারি পত্র (নং-২২৫, তারিখ: ১৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ) পাঠ করে শুনান। অত:পর দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| পোস্টার বিতরণ | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা এর নির্দেশনা মোতাবেক বহুল প্রচারের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে পোস্টার বিতরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর নির্দেশনা মোতাবেক বহুল প্রচারের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে পোস্টার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। সহকারী পরিচালক জেউশিব্যু, নাটোর।<br>২। নির্বাহী পরিচালক পিকেএসএস, নাটোর।<br>৩। নির্বাহী পরিচালক আলো, নাটোর। |
| বর্ণাঢ্য র‍্যালী | ০৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি, শিক্ষা সংশ্লিষ্ট বেসরকারি সংস্থা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতাধীন আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর কর্মকর্তা-কর্মচারী, শিখন কেন্দ্রের শিক্ষক-সুপারভাইজার ও শিক্ষার্থীদের অংশগ্রহণে বর্ণাঢ্য র‍্যালী করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তাছাড়া র‍্যালীতে হেডক্যাপ সরবরাহ করার বিষয়েও আলোচনা হয়। | (ক) জেলা প্রশাসক, নাটোর এর নেতৃত্বে তাঁর অফিস চত্বর হতে সকাল ১০.০০ ঘটিকায় সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি, শিক্ষা সংশ্লিষ্ট বেসরকারি সংস্থা, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতাধীন আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর কর্মকর্তা, শিক্ষক-সুপারভাইজার ও শিক্ষার্থীদের অংশগ্রহণে বর্ণাঢ্য র‍্যালী করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>(খ) আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম এর আইএসএ-লীড ও সহযোগী এনজিও-সহ শিক্ষা সংশ্লিষ্ট বেসরকারি সংস্থাকে হেডক্যাপ সরবরাহ করার দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। সহকারী পরিচালক জেউশিব্যু, নাটোর।<br>২। বেসরকারি সংস্থার প্রধান/ প্রতিনিধিগণ।<br>৩। Oosc কর্মসূচি বাস্তবায়নকারী সংস্থা:<br>(ক) পিকেএসএস, নাটোর।<br>(খ) আলো, নাটোর। |
| আলোচনা সভা | র‍্যালীর পর আলোচনা সভা করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>এবারের প্রতিপাদ্য<br>"Promoting literacy for a world in transition : Building the foundation for sustainable and peaceful societies"<br>বাংলায় : " পরিবর্তনশীল ও শান্তিপূর্ণ সমাজ গঠনে সাক্ষরতার প্রসার"। | র‍্যালী শেষে দিবসের প্রতিপাদ্য বিষয়ের উপর জেলা প্রশাসক, নাটোর এর সম্মেলন কক্ষে বেলা ১০.৩০ টায় আলোচনা সভা করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং র‍্যালীতে অংশগ্রহণকারী কর্মকর্তা, শিক্ষাবিদ ,সুধিজন ও শিক্ষক-সুপারভাইজারগণকে আলোচনা সভায় অংশগ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। সহকারী পরিচালক জেউশিব্যু, নাটোর।<br>২। সরকারি কর্মকর্তাগণ<br>৩। বেসরকারি সংস্থার প্রধান/ প্রতিনিধিগণ।<br>৪। Oosc কর্মসূচি বাস্তবায়নকারী সংস্থা:<br>(ক) পিকেএসএস, নাটোর।<br>(খ) আলো, নাটোর। |
| আইন শৃঙ্খলা | র‍্যালী ও আলোচনা সভায় আইন শৃংখলা রক্ষার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | র‍্যালীতে আইন শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় সংক্ষক পুলিশ সদস্য মোতায়েন করার জন্য পুলিশ সুপার, নাটোরকে অনুরোধ করা হলো। | পুলিশ সুপার, নাটোর। |

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য-০২)

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| মাইক সরবরাহ | ০৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখ র‍্যালীতে মাইক সরবরাহের বিষয়ে আলোচনা হয়। | ০৮ সেপ্টেম্বর র‍্যালীতে জেলা তথ্য অফিসার নাটোরকে মাইক সরবরাহের জন্য অনুরোধ করা হলো। | জেলা তথ্য অফিসার, নাটোর। |
| উপজেলা পর্যায়ে দিবসের কর্মসূচি উদ্‌যাপন। | জেলা পর্যায়ের কর্মসূচির সহিত সমন্বয় রেখে উপজেলা পর্যায়েও (সদর উপজেলা ব্যতিত) ০৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো থেকে উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে আধাসরকারি পত্র প্রেরণ করা হয়েছে। | জেলা পর্যায়ের কর্মসূচির সহিত সমন্বয় রেখে উপজেলা পর্যায়েও (সদর উপজেলা ব্যতিত) ০৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার (নলডাঙ্গা/গুরুদাসপুর/লালপুর/বাগাতিপাড়া/সিংড়া/বড়াইগ্রাম), নাটোর। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবু নাছের ভূঁঞা)
জেলা প্রশাসক
ও
আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদ্‌যাপন কমিটি
নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
কালেক্টরেট ভবন, নাটোর
www.bnfe.natore.gov.bd

নং-৩৮.০০.৬৯০০.০০০.২৩.০০৪.২৩(অংশ-২)-১৭০

তারিখ : ১৫ ভাদ্র ১৪৩০ / ৩০ আগস্ট ২০২৩

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা।
৩। পুলিশ সুপার, নাটোর।
৫। সিভিল সার্জন, নাটোর।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি), নাটোর।
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর। (দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের অনুরোধসহ)
৮। জেলা পর্যায়ের কর্মকর্তা ............................................................................নাটোর।
৯। সহকারি কমিশনার ........................................................, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
১০। সিএ টু ডিসি, নাটোর (জেলা প্রশাসক মহোদয়ের অবগতির জন্য)
১১। নির্বাহী পরিচালক/পরিচালক .................................................. বেসরকারী সংস্থা (এনজিও), নাটোর।
১২ জনাব ................................................................................।
১৩। অফিস কপি।

(এমদাদুল হক)
সহকারী পরিচালক
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, নাটোর।
ফোন : ০২৫৮৭৭৩৫১৮৩
ই-মেইল : adnator@bnfe.gov.bd